

চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ২৮ তারিখঃ ৩০ জুলাই ২০১৭ রোববার

সর্বশেষ পরিস্থিতি

চিকুনগুনিয়া পর্যবেক্ষণ জাতীয় কমিটির সভা অনুষ্ঠিত



আজ বিকেলে আইইডিসিআর সম্মেলন কক্ষে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর আবুল কালাম আজাদের সভাপতিত্বে চিকুনগুনিয়া পর্যবেক্ষণ জাতীয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন প্রফেসর এনায়েত হোসেন, সানিয়া তহমিনা, প্রফেসর মীরজাদী সেব্রিনা ফ্লোরা, সৈয়দ আবুল মকসুদ প্রমুখ। সভাপতির বক্তব্যে যে সিদ্ধান্তগুলো উল্লেখ করা হয়ঃ (১) চিকুনগুনিয়া পরিস্থিতি নিয়ন্ত্রণে, নতুন রোগীর সংখ্যা কমছে। তবে ডেঙ্গু পরিস্থিতির প্রতি সতর্ক নজর রাখতে হবে, যদিও পরিস্থিতি এখনো স্বাভাবিক। (২) কীটতাত্ত্বিক জরীপের প্রাথমিক ফলাফল পর্যবেক্ষণ করে দেখা যাচ্ছে যে এডিস মশার প্রজনন কমছে, তবে তা এখনো স্বাভাবিকের চাইতে বেশী। তাই সিটি কর্পোরেশনসমূহ তাদের মশক নিধন কার্যক্রম অব্যাহত রাখবে। (৩) চিকুনগুনিয়া পরবর্তী গিরা ব্যথা উপশমের জন্য রোগীকে সরকারী হাসপাতালে আর্থালজিয়া ক্লিনিকে যোগাযোগ করতে হবে। চিকিৎসকের পরামর্শ ছাড়া ফিজিওথেরাপি প্রয়োগ করা যাবে না। বিষয়টি ব্যাপক প্রচার প্রয়োজন। (৪) বেসরকারী চিকিৎসকগণও যেন তাদের কাছে আগত চিকুনগুনিয়া রোগীর তথ্যের রিপোর্ট স্বাস্থ্য কর্তৃপক্ষকে নিয়মিত পাঠান তা নিশ্চিত করতে হবে।

অস্ট্রেলীয় হাই কমিশনারের পরিদর্শন



আজ সকালে বাংলাদেশস্থ অস্ট্রেলিয়ার মাননীয় হাই কমিশনার মিজ জুলিয়া নিবলেট আইইডিসিআর-এর পরিচালকের সাথে প্রতিষ্ঠানের কার্যক্রম এবং পারস্পরিক সহযোগিতার নিয়ে আলোচনা করেন। এরপরে তিনি অন্যান্য কর্মকর্তাদের নিয়ে চিকুনগুনিয়া কেন্দ্রীয় রুম পরিদর্শন করেন। ইউএস সিডিসি'র বাংলাদেশস্থ পরিচালক মিজ স্টেফানি দোয়ান বৈঠকে ও পরিদর্শনে উপস্থিত ছিলেন।

- গত ৯ এপ্রিল হতে ২৯ জুলাই ২০১৭ পর্যন্ত চিকুনগুনিয়া সনাক্তের জন্য আইইডিসিআর-এ প্রাপ্ত রক্তের নমুনা পরীক্ষায় নিশ্চিত চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যা ৮৫৯ জন।
- গত ১২ মে হতে অদ্যাবধি ঢাকা শহরের বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নেয়া সম্ভাব্য চিকুনগুনিয়া ও চিকুনগুনিয়া পরবর্তী আর্থালজিয়া রোগীর সংখ্যা ৮,১২০ জন।
- দেশের বিভিন্ন জেলার সিভিল সার্জন ও মেডিকেল কলেজ হাসপাতাল হতে সম্ভাব্য রোগীর সংখ্যা প্রেরণ করা হয়। যদি কোন ব্যক্তি জ্বর এবং গিরা ব্যথা বা প্রদাহ নিয়ে চিকিৎসকের নিকট আসেন তবে তিনি সম্ভাব্য রোগী হিসাবে বিবেচিত হয়েছেন। আইইডিসিআর যাচাই-বাছাই করে সম্ভাব্য রোগীর সংখ্যা চূড়ান্ত করেছে।

জেলার নাম	সম্ভাব্য রোগীর সংখ্যা (৩০/০৭/১৭ বিকেল ৩টা পর্যন্ত)	যাচাই শেষে রোগীর সংখ্যা (৩০/০৭/১৭ বিকেল ৩টা পর্যন্ত)
দিনাজপুর	১	০
বগুড়া	৯	৫
জয়পুরহাট	১	০
বরিশাল	৪	০
গোপালগঞ্জ	১১	১
ঢাকা মহানগরী	১৮	৫
নরসিংদী	১৮	১৩
মুন্সীগঞ্জ	২৩	৮
নারায়নগঞ্জ	৭	০
গাজীপুর	৮	৩
নেত্রকোনা	৩	১
হবিগঞ্জ	৩	০
লক্ষ্মীপুর	৩	০
চট্টগ্রাম	২৩	৫
রাজশাহী	১	১
নওগাঁ	৩	০
সর্বমোট	১৩৬	৪২*

* এদের অনেকেই ঢাকা মহানগর ভ্রমণের ইতিহাস আছে ও এরা অধিকাংশ পোস্টচিকুনগুনিয়া আর্থাইটিস এ আক্রান্ত।

- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ২৭ জুলাই বিকেল ৫টা পর্যন্ত সর্বমোট ফোনকল এসেছে ২,৬৭৮টি। এর মধ্যে মোট সম্ভাব্য নতুন ও পুরোনো রোগী ২,১০৩ জন। সম্ভাব্য নতুন রোগী ৯১৬ জন ও পুরোনো রোগী ১,১৮৭ জন। অবশিষ্টরা তথ্য জানতে চেয়েছেন।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- www.iedcr.gov.bd অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন